



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র : ১৬(৭৮৩)জাতীগবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/২০১৬/৮৩১

তারিখঃ ১৮/০৪/২০১৭

প্রেরক : ডিন

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

প্রাপক : অধ্যক্ষ

স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে পাঠদানকারী (সরকারি ও বেসরকারি) অধিভুক্ত সকল কলেজ
এবং
স্নাতক(পাস) কোর্সে পাঠদানকারী অধিভুক্ত সরকারি কলেজ

বিষয় : বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (CEDP) এর আওতায় কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে পাঠদানকারী শিক্ষকদের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

জনাব

আশাকরি আপনি অবগত রয়েছেন যে, কলেজ শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংক এর যৌথ অর্থায়নে ১৩০ মিলিয়ন ইউএস ডলার ব্যয়ে College Education Development Project (CEDP) এর আওতায় আগামী ৫(পাঁচ) বছরব্যাপী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে পাঠদানকারী সকল শিক্ষকের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ/লিডারশীপ ট্রেনিং/মাস্টার ট্রেনিং/বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স আয়োজনের প্রস্তুতি চলছে। The University of Nottingham Malaysia Campus (UNMC) ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে এ সকল প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর, সরকারি স্নাতক(পাস) কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর অধিভুক্ত বিষয়সমূহের নিয়মিত নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক এর তথ্য প্রেরণের সময়সীমা আগামী ২৬ এপ্রিল ২০১৭ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। তথ্যসমূহ অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-www.nu.edu.bd এর TRAINING মেন্যুতে TTIS-Teachers Training Information System-এ কলেজ ইউজার রেজিস্ট্রেশনের মাধ্যমে অধ্যক্ষ/উপাধ্যক্ষ মহোদয়কে তাঁর নিজ দায়িত্বে/তদারকিতে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো (**TTIS-এ রেজিস্ট্রেশন ও তথ্য প্রেরণের পূর্বে ওয়েবসাইট এর TRAINING মেন্যুতে রক্ষিত TTIS নির্দেশাবলী অবশ্যই অনুসরণ করুন**)।

** স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, ইতিহাস, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, মনোবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, ভূগোল ও পরিবেশ, নৃবিজ্ঞান, বায়ো-কেমিস্ট্রি, মৃত্তিকা বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, আরবী, ইসলামী শিক্ষা, পালি, সংস্কৃত।

** প্রফেশনাল বিষয়সমূহ : বিএসসি (অনার্স) ইন এএমটি, বিএসসি (অনার্স) ইন এফডিটি, বিএসসি (অনার্স) ইন কেএমটি, বিএসসি (অনার্স) ইন টিএসটি, বিবিএ (অনার্স)-প্রফেশনাল, বিএসসি (অনার্স) ইন ইসিই, বিএসসি (অনার্স) ইন সিএসই, বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ, বিএসসি (অনার্স)ইন মেরিন নটিক্যাল, বিবিএ (অনার্স) ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, বিএ (অনার্স) ইন ড্রামা এন্ড মিডিয়া স্টাডিজ, বিএফএ (অনার্স), বিমিউজিক (অনার্স), বিএড (অনার্স)।

বিষয়টি জরুরী।

ধন্যবাদান্তে-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোন : ৯২৯১০৭৪, ইমেইল: ttnubd@gmail.com

সূত্র : ১৬(৭৮৩)জাতীগবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/২০১৬/৮৩১

তারিখঃ ১৮/০৪/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক)-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭. অফিস কপি

(মোঃ হাছানুর রহমান)

উপ-রেজিস্ট্রার

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোন : ৯২৯১০৮০, ইমেইল: ttnubd@gmail.com

শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল **facebook** পইজ : <http://www.facebook.com/ttnubdOfficial>